

জাহেদা খানম : জন্ম ১৯২৩ সালের ৭ জুলাই ব্র্যাক্ষণবাড়িয়া শহর সংলগ্ন বিজেশ্বর গ্রামে। ১৯৩৯ সালে ষোল বছর বয়সে তাঁর বিয়ে হয়। বিয়ের দশ বছর পর ১৯৪৮ সালে নিজের চেষ্টায় মেট্রিক এবং তেরো বছর পর ১৯৬১ সালে আই.এ. পাস করেন। ১৯৬৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বাংলা সাহিত্যে স্নাতক সম্মান এবং ১৯৬৫ সালে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন।

জাহেদা খানম কবিতা লেখা শুরু করেছিলেন শৈশবেই। লেখার প্রবল আগ্রহ এবং সহজাত ক্ষমতা থাকায় যে কোন বিষয়ে তিনি লিখতে পারেন। সেজন্যই হয়তো পারিবারিক দায়দায়িত্ব এবং জীবনঘাতী রোগ-শোক তাঁর লেখালেখির বিপ্লব ঘটালেও একেবারে বন্ধ করে দিতে পারেনি। কবিতার পাশাপাশি তিনি ছড়া, গান, প্রবন্ধ ও স্মৃতিকথা লিখেছেন। এছাড়াও তাঁর তিনটি ছড়ার বই ১. করিন আমার লক্ষ্মী সোনা (১৯৯৫), ২. খোকার হাতে চাঁদ, ৩. পূব আকাশে রঙ ছড়ালো (২০০২) ও একটি কাব্যগ্রন্থ “একা এই শূন্য প্রান্তরে” (১৯৯৫) প্রকাশিত হয়েছে। তাছাড়া সংস্কৃত ভাষা শিখে জীবনের এ পর্যায়ে অনুবাদ করেছেন মহাকবি কালিদাসের “মেঘদূতম”। প্রকাশের পথে রয়েছে “অভিজ্ঞানশকুন্তলম”।

উল্লেখ্য মেঘদূতম এর সার্থক অনুবাদের জন্য ভারতের পশ্চিমবঙ্গ রাজ্য সরকার তাঁকে ২০০৭ সালে বিশেষ সম্মাননা প্রদান করেছেন।